গাংনীতে জামায়াতে ইসলামীর দায়িত্বশীল শিক্ষা বৈঠক

গাংনী উপজেলার মড়কা বাজারে জামায়াতে ইসলামীর দায়িত্বশীল শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১ ফেব্রুয়ারি) সকাল থেকে দুপুর পর্যন্ত এই বৈঠক অনুষ্ঠিত হয়।

রাইপুর ইউনিয়ন জামায়াতের সভাপতি হজরত আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত দায়িত্বশীল শিক্ষা বৈঠকে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাক্তার মোহাম্মদ রবিউল ইসলাম, মেহেরপুর জেলা জামায়াতের সূরা ও কর্মপরিষদ সদস্য সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা।

রায়পুর ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি মনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত দায়িত্বশীল শিক্ষা বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জামায়াতের রুকন শফিউর রহমান। এসময় জামায়াতে ইসলামীর রাইপুর ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

গাংনীতে জামায়াতের শিক্ষা শিবির অনুষ্ঠিত

গাংনীতে জামায়াতে ইসলামীর গাংনী পৌর শাখার ৮ নং ওয়ার্ডের এক কর্মী শিক্ষা শিবির (টিএস) অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (২৭ ডিসেম্বর) সকালে গাংনী উপজেলা জামায়াতের কার্যালয়ে শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

গাংনী পৌরসভার ৮ নম্বর জামায়াতের সভাপতি হাসান সাঈদ সরোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত টি এস এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাঃ রবিউল ইসলাম, মেহেরপুর সদর জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, জেলা কর্মপরিষদ ও সূরা সদস্য নাজমুল হুদা।

এ ছাড়াও আরো উপস্থিত ছিলেন পৌর জামায়াতের বাইতুলমাল ও রাজনৈতিক সেক্রেটারি মাওলানা জিল্লুর রহমান, ৮ নম্বর ওয়ার্ড সেক্রেটারি মোঃ মনিরুল ইসলাম, ৭ নম্বর ওয়ার্ড সভাপতি মোঃ তমিজ উদ্দিন প্রমুখ।

গাংনীতে জামায়াতের যুব বিভাগের উদ্যোগে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

গাংনীতে জামায়াতে ইসলামীর যুব বিভাগের উদ্যোগে বিশাল র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী পৌর যুব বিভাগের উদ্যোগে আজ শনিবার (২১ ডিসেম্বর) বিকালে এই র্যালিটি গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয় থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক ও হাসপাতাল চত্তর ঘুরে গাংনী বড়বাজার শহীদ আবু সাঈদ চত্বরে এসে শেষ হয়।

র্যালি শেষে আয়োজিত সংক্ষিপ্ত সমাবেশে সভাপতিত্ব করেন গাংনী পৌর যুব বিভাগের সভাপতি মোঃ জয়নাল আবেদীন।

সমাবেশ প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুব বিভাগের সেক্রেটারি মজনুল হক লিপটন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনীয় উপজেলা যুব বিভাগের সভাপতি মোঃ আবু সায়েম, গাংনী পৌর জামায়াতের সেক্রেটারি ওয়াস কুরুনি জামিল, উপজেলা জামাতের বাইতুল মাল সম্পাদক শামসুল হুদা।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী পৌর যুব বিভগের সেক্রেটারি যুব বিভাগের রওশন মাহমুদ, পৌর জামাতের চার নম্বর

ওয়ার্ড সভাপতি হাফেজ সাইফুল্লাহ, ৭ নম্বর ওয়ার্ড জামায়াতের সভাপতি হাসান সাঈদ সরোয়ার প্রমুখ।

আগামীকাল রবিবার ২২ ডিসেম্বর গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর কর্মী সমাবেশ উপলক্ষে এই র্যালির আয়োজন করে জামায়াতে ইসলামীর যুব সংগঠনটি।

এদিকে কর্মী সম্মেলনের নির্ধারিত স্থান গাংনী ফুটবল মাঠটি পরিদর্শন করেছেন জামায়াত নেতৃবৃন্দ।

বিকালে গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার মো: রবিউল ইসলাম, জেলা জামায়াতের সূরা সদস্য সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা, পৌর জামায়াতের আমীর আহসানুল হক, উপজেলা জামায়াতের বায়তুল মাল সম্পাদক জিল্লুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, দীর্ঘ ১৭ বছর পর জামায়াতে ইসলামীর উদ্যোগে গাংনীতে রাজনৈতিক কর্মসূচী পালন করতে যাচ্ছে দলটি। কর্মী সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও যশোর- কুষ্টিয়া অঞ্চল পরিচালক মোবারক হোসাইন। বিশেষ অতিথির বক্তব্য রাখবেন মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খানসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

কোন রাজনৈতিক দলকে নিষিদ্ধের পক্ষে নয় জামায়াত– অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার

রাস্ট্র সংস্কারের পর যৌক্তিক সময়ে নির্বাচন হবে। এই যৌক্তিক সময় কতদিন বা কত বছর তা নির্দিষ্ট করে বলা যাবে না। নির্বাচন কমিশন, পুলিশ প্রশাসন ও নির্বাহী বিভাগ সংস্কারের পর সুষ্ঠু নির্বাচনের পরিবেশ তৈরি হলেই নির্বাচন হতে পারে।

আজ শুক্রবার (২২ নভেম্বর) বিকেলে মেহেরপুরের ড:শহীদ সামনুজ্জোহা পার্কে জামায়াতের কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ

কথাগুলো বলেন জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

তিনি আরও বলেন, বিএনপিসহ দেশের সব রাজনৈতিক সংগঠনের সাথে জামায়াতের গভীর সম্পর্ক রয়েছে। ইসলামী আন্দোলনের দলগুলোসহ সব দলের সাথে সংলাপ চলছে। গণতন্ত্রের স্বার্থে যারা ঐক্যবদ্ধ থাকবে তাদের সাথেই জোটবোদ্ধ নির্বাচন করবে জামায়াত।

ছাত্রলীগের নিষিদ্ধের বিষয়ে তিনি বলেন, ৫ আগস্টের চারদিন আগে জামায়াতকে নিষিদ্ধ করা হয়েছিল। কিন্তু তারপর চারদিনও টিকতে পারেনি আওয়ামী লীগ ও ছাত্রলীগ। জনরসে পড়ে দেশ ছেড়ে ভারতে পালাতে বাধ্য হয়েছে শেখ হাসিনা ও তার আত্মীয় স্বজন। তার বিচার জনগণই করবে। তারা নির্বাচনে আসতে পারবে কিনা সেটি জনগণের উপর নির্ভর করবে। তবে কোন দলকে নিষিদ্ধের পক্ষে নয় জামায়াত। আইনি প্রক্রিয়ায় খুনি শেখ হাসিনাকে বিচারের আওতায় এনে শাস্তি কার্যকর করা হবে বলেও তিনি জানান।

জেলা জামায়াতের আমির মাওলানা তাজউদ্দিন খানের সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাময়াতের কেন্দ্রীয় পরিষদের সদস্য মোবারক হোসাইন ও কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলম, সেক্রেটারি ইকবাল হোসেন, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার রবিউল ইসলাম, মেহেরপুর পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলার, গাংনী পৌর জামায়াতের আমীর আহসানুল হক।

কর্মী সম্মেলনে হাজার হাজার জামাত কর্মীরা অংশ নেয়।

মেহেরপুরে জামায়াতের কর্মী সম্মেলন সফল করতে প্রস্তুতি

মিছিল

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ২২ নভেম্বর অনুষ্ঠিতব্য কর্মী সম্মেলন সফল করার লক্ষ্যে একটি বর্ণাঢ্য মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) বিকেল ৪ টার দিকে শহরের জেলা মডেল মসজিদ চত্বর থেকে মিছিলটি বের হয়। শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ শামসুজ্জোহা পার্কে এসে মিছিলটি শেষ হয়।

মিছিলের নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন।

এসময় মিছিলে মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন, পৌর আমীর সোহেল রানা ডলারসহ বিভিন্ন স্থান থেকে আগত জামায়াতের সদস্যরা উপস্থিত ছিলেন।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা কর্মী সম্মেলনের গুরুত্ব তুলে ধরে বলেন, “এই সম্মেলনের মাধ্যমে দলীয় কার্যক্রমকে আরও শক্তিশালী করা হবে এবং কর্মীদের উদ্দীপনা বৃদ্ধি পাবে।

আলমডাঙ্গায় জামায়াতের বাছাইকৃত কর্মীদের শিক্ষা বৈঠকে

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামীর উদ্যোগে বাছাইকৃত কর্মীদের শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৭ টায় দলীয় কার্যালয়ে এ শিক্ষা বৈঠকের আয়োজন করা হয়।

আলমডাঙ্গা উপজেলা অঞ্চলের বাছাইকৃত কর্মী শিক্ষা বৈঠকে প্রধান অতিথি হিসেবে বক্তব্যে রাখেন জেলা আমীর রুহুল আমীন। প্রধান অতিথির বক্তব্যে জেলা আমির বলেন, ভালো মানুষ না হলে ভালো মুমিন

হওয়া যায় না। ভালো মানুষ হতে হলে কথা ও কাজের মিল থাকতে হবে। আমরা সমাজের মানুষের কাছে একজন দায়ী হিসেবে কাজ করি।

তিনি বলেন, আমরা এমন একটা দল করি যা হেরে গেলেও জিত বিজয়ী হলেও জিত এর মাধ্যমে দুনিয়া ও আখিরাত উভয় জায়গাতেই লাভ। আমানত রক্ষার ব্যাপারে কথা বলতে গিয়ে তিনি বলেন কবি মতিউর রহমান মল্লিক লিখেছেন চলো চলো চলো মুজাহিদ পথ যে এখনো বাকি, ভোল ভোল ব্যাথা ভোল মুছে ফেল এই আখিঁ। সকল কথা কাজে আমানত রক্ষা করতে হবে। রুকন হয়ে জীবনকে পরিচ্ছন্ন জীবন-যাপন করতে হবে। আমরা রুকন হতে চাই একজনকে অভিভাবক হিসেবে গ্রহণ করার জন্য। জামায়াতে ইসলামী আপনার সকল কাজে অভিভাবকের ভূমিকা পালন করতে চাই। এছাড়াও তিনি আরো বলেন আমরা আল্লাহ ও তাঁর রাসূলকে বেশি ভালোবাসবো, কাউকে ভালোবাসবো আল্লাহ তাআলার সন্তুষ্টির জন্য এবং কারো ভালোবাসা থেকে বিরত থাকব সেটাও আল্লাহ তাআলার সন্তুষ্টি অর্জনের জন্য।

বাছাইকৃত কর্মীদের শিক্ষা বৈঠকে বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা শাখার তারবিয়াত বিভাগের সেক্রেটারি জিয়াউল হকের এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ছিলেন জেলা নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান। তিনি সূরা সফ এর উপর দারসূল কুরআন পেশ করছেন । তিনি বলেন আমাদের মনের ভিতরের সকল প্রকার সন্দেহ সংশয় দূর করে সঠিক বুঝ নিয়ে আল্লাহতাআলার সন্তুষ্টি অর্জনের জন্য কাজ করতে হবে। কাপুরুষদের জন্য ইকামাতে দ্বীন প্রতিষ্ঠার এই আন্দোলন নয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কর্মপরিষদ সদস্য আলতাফ হোসাইন, আলমডাঙ্গা উপজেলা আমীর দারুস সালাম, গাংনী আসমানখালী থানা আমীর আব্বাস উদ্দিন, আলমডাঙ্গা পৌর আমির মাহের আলী।

এছাড়াও প্রোগ্রামে সার্বিকভাবে সহযোগিতা করেন উপজেলা সেক্রেটারি মুহা. মামুন রেজা, পৌর সেক্রেটারি মুসলিম উদ্দিন, তারবিয়াত সেক্রেটারী বিল্লাল হোসাইন, উপজেলা সহকারী সেক্রেটারি মোঃ শফিউল আলম বকুল উপজেলা, উপজেলা অফিস সম্পাদক রফিকুল ইসলাম, কালিদাসপুর ইউনিয়ন আমীর আশাদুল হক, ডাউকী ইউনিয়ন আমীর সজিবুর রহমান, উপজেলা প্রচার বিভাগের সভাপতি ও বেলগাছি ইউনিয়ন সভাপতি মোঃ আমান উদ্দিন, খাসকররা ইউনিয়ন সভাপতি হারুন অর রশিদসহ বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীল বৃন্দ উপস্থিত ছিলেন।

জামায়াত ন্যায় ও ইনসাফ ভিত্তিক একটি কল্যাণকর রাষ্ট্র প্রতিষ্ঠা করতে চাই

মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজউদ্দীন খান বলেন, বাংলাদেশ জামায়াত ইসলামী চাই, ন্যায় ও ইনসাফ ভিত্তিক একটি কল্যাণকর রাষ্ট্র প্রতিষ্ঠা করতে। বৈষম্যহীন সমাজ ব্যবস্থা গড়তে ও এদেশের পরিবর্তনের জন্য আরও ত্যাগ করার প্রয়োজন হলেও জামায়াত সেই ত্যাগ করবো। এদেশের পরিবর্তন আনতে জামায়াতের সকল নেতাকর্মীদের মাঠে নামতে হবে।

গতকাল শনিবার (৯ নভেম্বর) বিকালে বাংলাদেশ জামায়াতে ইসলামী গাংনী উপজেলা বামুন্দী ইউনিয়নের উদ্যোগে আয়োজিত এক কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বামন্দী ইউনিয়ন জামায়তের আমীর মাওলানা মোঃ আবুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কেন্দ্রীয় শিক্ষক ফেডারেশনের সহকারী সেক্রেটারি অধ্যাপক রবিউল ইসলাম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি মোঃ ইকবাল হোসেন, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাঃ মোঃ রবিউল ইসলাম, জেলা জামাায়াতের কর্মপরিষদ সদস্য, সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা, জেলা মসজিদ মিশনের সভাপতি মাওলানা আব্দুল মজিদ, গাংনী উপজেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মফিজুর রহমান, গাংনী পৌর জামায়াতের আমীর মাওলানা আব্দুর রহমান, মটমুড়া ইউনিয়ন জামায়াতের আমীর সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মুস্তাফিজুর রহমান সংগ্রাম, জেলা ওলামা পরিষদের সভাপতি মাওলানা জাহাঙ্গীর আলম জিহাদি প্রমুখ

কর্মী সমাবেশে উপস্থিত ছিলেন মোঃ আহসানুল হক, উপজেলা জামায়াতের বাইতুল মাল সম্পাদক মোহাম্মদ সামসুল হুদা, বামন্দি ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি আব্দুস সালাম, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন আমীর মাওলানা মতিউর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা তাজ উদ্দীন খান আরও বলেন, দীর্ঘ ১৭ বছর একটা দু:শাসনের মধ্যে থেকে এদেশের মানুষের তাদের জীবন অতিবাহিত করতে হয়েছে।

ছোট এই জেলায় স্বাধীনতার পর থেকে রাজনীতির মাঠে থেকে জীবন দিতে হয়েছে এমন ইতিহাস নেই। অথচ, বিগত ১৭ বছরে রাজনীতির করার কারনে জামায়াত, শিবিরের ৫ জনকে জীবন দিতে হয়েছে। বিগত স্বৈরচারী সরকার এই জেলায় জামায়াত শিবিরের নেতাকর্মীদের বিরুদ্ধে ৮৬ টি মামলা দিয়েছে। গ্রেফতার করা হয়েছে ১ হাজার নেতাকর্মীকে। জামায়াতের নারী কর্মীদের বিরুদ্ধে ১৪ টি মামলা দেওয়া হয়েছে। ১০০ জন নারী সদস্যকে গ্রেফতার করে কারাগারে দিয়েছে, রিমান্ডে নেওয়া হয়েছে। রিমান্ডে নিয়ে তাদের সেলে পর্যন্ত রাখা হয়েছে। ১৭ টি বছর আমাদের জন্য একটা দু:শাসন ছিল।

তিনি বলেন, দেশ প্রেমিক সেনাবাহিনীর পরে ভারত চিন্তা করছে বাংলাদেশে আমাদের আধিপত্য বিস্তার করতে হলে, দেশ প্রেমিক একটা দল জামায়াত ইসলামীকে ক্ষতম করতে হবে। সেই কারণেই তাদের চক্রান্ত বাস্তবায়ন করেছে স্বৈরাচার হাসিনা।

মাওলানা তাজ উদ্দীন বলেন, বিগত ৪৫ বছর আওয়াজ শুনলাম না আমরা রাজাকার ও যুদ্ধাপরাধী, নারী ধর্ষণকারী ছিলাম। আমরা ঘরবাড়ি জ্বাঁলাও পোঁড়াও করেছি। তারা ১৭ বছর যাবৎ জামায়াতের বিরুদ্ধে অপবাদ চালিয়েছে। তাঁরা এই অপবাদ চাপাতে রেডিও, টেলিভিশন, প্রিন্ট মিডিয়াকে ব্যবহার করেছে, ব্যবহার করেছে প্রশাসনকে। তাঁদের সেই মিথ্যাচার এদেশের মানুষ যদি একভাগও বিশ্বাস করতো তাহলে আমরা (জামায়াত) এই দেশে থাকতে পারতাম না।

তিনি উল্লেখ করেন, গাংনীর এক লেখক মেহেরপুরে মুক্তিযোদ্ধাদের নিয়ে একটি বই লিখেছে। সেখানে ৩২০ জন রাজাকারের লিষ্ট দিয়েছে। সেই বই নিয়ে আমরা মাঠে খোঁজ নিয়ে দেখেছি রাজাকারদের ৮০ ভাগ লোক আওয়ামীলীগ দলের নেতাকর্মী। বাকীরা অন্যদল করে আর জামায়াত ইসলাম দল করে মাত্র দুইটি পরিবার। এই অপবাদ ছিল জামায়াতের জন্য। ২০২৪ সালের ছাত্র জনতা এই কথাটা গর্বের সাথে গ্রহণ করেছে। রাজাকর শব্দটি যদি দিতে হয় এদেশের ১৮ কোটি জনতার সাথে আমরা নিজেদের রাজাকার দাবী করছি। এতদিন যে অপবাদ জামায়াতের উপর চাপিয়ে দেওয়া হয়েছে ২০২৪ সালে সেটাই মানুষের কাছে গর্বের বিষয় হয়ে দাঁড়িয়েছিল।

গাংনীতে জামায়াতের বাছাইকৃত কর্মীদের নিয়ে দিনব্যাপি শিক্ষা শিবির অনুষ্ঠিত

গাংনীতে পৌর জামায়াতের উদ্যোগে বাছাইকৃত কর্মীদের নিয়ে দিনব্যাপি শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১৮ অক্টোবর) চৌগাছা দারুল এয়াতিম হলরুমে এই শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

গাংনী পৌর জামায়াতের আমির মাওলানা আব্দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা শিবিরে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমির মাওলানা তাজউদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা জামায়াতের সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, নায়েবে আমির মোঃ মাহবুবুর রহমান, মেহেরপুর সদর আমির মাহমুদ সোহেল রানা, জেলা মসজিদ মিশনের সভাপতি মাওলানা আব্দুল মজিদ, গাংনী পৌর জামায়াতের সেক্রেটারি মোঃ আহসানুল হক ও সহকারী সেক্রেটারি ওয়েস কুরুনী জামিল।

গাংনী পৌর জামায়াতের বাছাইকৃত কর্মীরা দিন ব্যাপি শিক্ষা শিবিরে অংশ নেন। গতকাল শুক্রবার সকাল ৬ টা থেকে শুরু হয়ে বিকাল ৪ টা পর্যন্ত এই শিক্ষা শিবির চলে।

মেহেরপুরে হিন্দু সম্প্রদায়ের

মাঝে জামায়াতের আর্থিক অনুদান

মেহেরপুরে সনাতনী ধর্মালম্বীদের মাঝে জামায়াতের আর্থিক সহযোগিতা প্রদান করা হয়েছে।

আজ শুক্রবার (১১ অক্টোবর) বেলা ১২ টার সময় মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন জামায়াতের উদ্যোগে আমদহ গ্রামে আনুষ্ঠানিকভাবে অসহায় হিন্দু ধর্মালম্বী নারী পুরুষদের মাঝে এই অনুদান তুলে দেওয়া হয়।

আমদহ ইউনিয়ন জামায়াতের আমীর মাওলানা নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দীন খান।

বিশেষ অতিথি ছিলেন, সদর উপজেলা জামায়াতের আমীর সোহেল রানা ডলার, উপজেলা নায়েবে আমির আব্দুল জব্বার, সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম মাস্টার।

এই ইউনিয়নের বিভিন্ন এলাকার প্রায় ৫০ জন নারী পুরুষদের মাঝে অনুদানের টাকা তুলে দেওয়া হয়।

কোটচাঁদপুরে জামায়াতের সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় কর্মরত সাংবাদিকদের সঙ্গে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ শনিবার (৫অক্টোবর) সকাল ১১ টার সময় কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আয়োজনে শহরের দুধসারা রোডে আল ফালাহ ইসলামি সেন্টার ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর উপজেলা কার্যালয়ে উপজেলা জামায়াতের আমীর মোঃ আজিজুর রহমান মাস্টারের সভাপতিত্বে উপজেলা জামায়াতের সেক্রেটারি প্রফেসর মোঃ শরিফুল ইসলাম এর পরিচালনায় জামায়াতের মিডিয়া সম্পাদক মোঃ শাহাবুদ্দিন খান এর সঞ্চালনায় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মহেশপুর

ঝিনাইদহ ৩ আসন থেকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ঝিনাইদহ জেলা নয়েবে আমির অধ্যাপক মোঃ মতিয়ার রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা জামায়াতের আমীর আজিজুর রহমান।
প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক মোঃ মতিয়ার রহমান বলেন আপনারা সাংবাদিক জাতির দর্পণ। বিগত সৈরশাসন আমলে আপনাদের কন্ঠরোধ করা হয়েছে। সত্য তুলে ধরলেই সাংবাদিকদের নামে মিথ্যা মামলা দায়ের সহ খুন গুম করা হয়েছে। এখন থেকে আপনারা সত্যটা তুলে ধরবেন আপনাদের সাথে আমরা আছি। আপনাদের সাথেই থেকে সমাজ থেকে মাদক চাঁদাবাজ সন্ত্রাসী দূর্নীতিবাজদের মুখোশ উন্মোচন করে তাদের কে উৎখাত করা হবে। আপনারা আমাদের সাথে থাকলে সঠিক সংবাদ পরিবেশন করা হলে সমাজ থেকে সকল দুর্নীতি বন্ধ করা সম্ভব হবে বলে মনে করি।
এসময় উপস্থিত ছিলেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ মোয়াবিয়া হোসাইন, উপজেলা বায়তুলমাল সম্পাদক মোঃ রেজাউল ইসলাম সহ কোটচাঁদপুর উপজেলা প্রেস ক্লাবের সাংবাদিক বৃন্দ।